# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরে বাংলানগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.১১.১২৫(অংশ-৩).১৮-২৪৬৪

তারিখঃ ০১-০৪-২০১৯খ্রিঃ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের রাজস্ব খাতে নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে পূরণের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকের নিকট হতে অনলাইন-এ আবেদন আহবান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল, ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১) | হিসাব সহকারী<br>টা: ৯,৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | অনুর্ধ্ব ৩০ বছর | ১৮০ | কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, মাদারীপুর, শরীয়তপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোণা, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, লক্ষীপুর, নোয়াখালী, জয়পুরহাট, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, ঝিনাইদহ, বাগেরহাট, সাতক্ষীরা, ভোলা, পিরোজপুর, বরগুনা, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ। |

১। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (কর্মকর্তা এবং কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৯ অনুযায়ী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে;

২। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং ০৯-০৪-২০১৯খ্রি: তারিখে আবেদনকারীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ-মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ (বত্রিশ) বছর। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের বয়সের উর্ধ্বসীমা ৩০ (ত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। এতিম ও শারিরীক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।

৩। আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়ামাবলি:

ক. আগ্রহী প্রার্থীগণ http://lged.teletalk.com.bd এর ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১০-০৪-২০১৯খ্রি: সকাল ৯:০০ টা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৫-০৪-২০১৯খ্রি: বিকাল: ৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) Pixel ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন পত্র প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্রে Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদন Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। প্রার্থী উক্ত Applicant's copy প্রিন্ট বা ডাউনলোড করে পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে প্রদত্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্মোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি ও টেলিটক সার্ভিস চার্জসহ প্রার্থী মোট ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহিত হবে না।"

ঙ. ফি জমা দেয়ার পদ্ধতি:

প্রথম SMS: LGED<space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: LGED ABCDEF&send to 16222

Reply: Applicant's Name, Tk. 112 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type LGED <Space> Yes <space> PIN and send to 16222

দ্বিতীয় SMS: LGED <Space> Yes<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: LGED YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for lged Application for post xxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxxxx).

চ. উল্লেখ্য, ফি প্রদানের পর প্রার্থী আবেদনপত্রে প্রদত্ত তার নিজস্ব মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে User ID এবং Password পাবেন।

ছ. LGED নিয়োগ পরীক্ষা, ২০১৯ এর বিজ্ঞপ্তি, Online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলি, SMS এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলি ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি http://lged.teletalk.com.bd অথবা www.lged.gov.bd এর ওয়েব সাইটে পাওয়া যাবে।

জ. SMS এর মাধ্যমে প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

ঝ. প্রার্থীকে আবেদনের সময় প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষা গ্রহণের পর কেবল উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ১(এক) সেট অনুলিপি জমা দিতে হবে।

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ।

(খ) জাতীয় পরিচয় পত্র (NID/Smart card).

(গ) চাকরির আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তা সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি করপোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করত:) নাগরিকত্বের সনদ।

(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।

(ঙ) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ-মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধা সনদ (মন্ত্রণালয়ের সনদ, বামুস সনদ), মুক্তিবার্তা/গেজেট নম্বর ও তারিখ মুক্তিযোদ্ধার বয়স প্রমানের লক্ষ্যে এসএসসি সনদ/জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার মৃত্যু সনদ এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত কাগজপত্রসহ প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধা/শহীদ-মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি করপোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন পত্র। প্রার্থী এবং তাঁর পিতা-মাতার জাতীয় পরিচয় পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(চ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠি ও অন্যান্য কোটাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদ।

(ছ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শারীরিক প্রতিবন্ধী সম্পর্কিত সনদ।

(জ) প্রবেশপত্র।

(ঝ) Applicant's copy.

(ঞ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

For lost password:

User ID জানা থাকলে LGED <space> Help<space>User<space>User ID & Sent to 16222

Example: LGED Help User ABCDEF & Send to 16222

PIN Number জানা থাকলে: LGED <space> Help<space>PIN<space> PIN No & Sent to 16222

Example: LGED Help PIN ABCDEF & Send to 16222

৪। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

৫। লিখিত/মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।


(মোঃ আব্দুর রশীদ মিয়া)
তত্ত্বাবধায়কপ্রকৌশলী (প্রশাসন)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
ই-মেইলঃ se.admin@lged.gov.bd